দৈনিক ইনকিলাব

তারিখ 30 APR 2009
পৃষ্ঠা ৩ কলাম ৪

# উন্নয়ন ফি বাতিল ও পরীক্ষা পেছানোর দাবীতে জবিতে বিক্ষোভ

জবি প্রতিনিধি

উন্নয়ন ফি বাতিল, অন্যান্য ফি কমানো এবং পরীক্ষার তারিখ পেছানোর দাবীতে মিছিল সমাবেশ করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০০৩-০৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা। গতকাল (বুধবার) সকালে তারা এ কর্মসূচী পালন করে। দাবী আদায়ের জন্য তারা আগামী ৩ মে বিশ্ববিদ্যালয়ের ভিসি বরাবর স্মারকলিপি প্রদান করবে। আন্দোলনকারী শিক্ষার্থীরা জানায়, ২য় ও ৩য় বর্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত উন্নয়ন ফি পরিশোধ করা সত্ত্বেও এ বছর আরো অতিরিক্ত ১ হাজার টাকা উন্নয়ন ফি হিসেবে ধরা হয়। এ সংক্রান্ত একটি নোটিশ গতকাল সব বিভাগে পাঠানো হয়। এতে ওই শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে ওঠে। এর প্রতিবাদে গতকাল বেলা ১১টায় তারা বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার থেকে একটি মিছিল বের করে। পরে বিভিন্ন অনুষদ থেকে আরো কয়েকটি খণ্ড খণ্ড মিছিল এসে তাদের সাথে যোগ দেয়। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন অনুষদ প্রদক্ষিণ শেষে প্রশাসনিক ভবনের নিচে সমাবেশে মিলিত হয়। সমাবেশে শিক্ষার্থীরা উন্নয়ন ফি বাতিল, অন্যান্য ফি কমানো ও পরীক্ষার তারিখ পরিবর্তনের দাবী জানায়। শিক্ষার্থীরা অভিযোগ করে বলে, অনেক বিভাগের নির্ধারিত সিলেবাস শেষ না করেই আগামী ৩ জুন থেকে পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। যা বিশ্ববিদ্যালয় আইনের পরিপন্থী। তাই বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষার্থীর ভাল ফলাফলের স্বার্থে ওই পরীক্ষা আরো এক মাস পরে নেয়ার দাবী জানায়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর কাজী আসাদুজ্জামান তাদের দাবী পূরণের আশ্বাস দিলে তারা কর্মসূচী স্থগিত করে। পরীক্ষা পেছানোসহ সব দাবী আদায় না হলে আগামী ৩ মে আবারো আন্দোলনে নামবে বলে জানায় তারা। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মেসবাহ উদ্দিন আহমেদ বলেন, উন্নয়ন ফির ব্যাপারে আন্দোলনকারীদের সাথে এ ব্যাপারে আগামী ৩ মে কথা বলব। সব বিভাগের চেয়ারম্যান তাদের স্ব-স্ব বিভাগের সিলেবাস সম্পন্ন করেছেন বলে আমাকে জানিয়েছেন।